কোটচাঁদপুর বিএনপি থেকে দুই নেতাকে অব্যহতি প্রদান

কোটচাঁদপুরে বিএনপি থেকে দুই নেতাকে অব্যহতি দিয়েছেন দলটি। তাদের বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ,দলের নীতি, আদর্শ ও সংহতি পরিপন্থী অনৈতিক কার্যকলাপ সহ একাধিক অভিযোগ রয়েছে বলে জানা গেছে পৌর বিএনপির দপ্তর সম্পাদক স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে। মঙ্গলবার রাতে স্থানীয় প্রিজন ক্লাবের এক সভা থেকে ওই দুই জনকে অব্যহতি দেয়া হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানা যায়,কোটচাঁদপুরে বিএনপির থেকে দুই নেতাকে অব্যহতি দিয়েছেন দলটি। যার মধ্যে রয়েছেন কোটচাঁদপুর পৌর বিএনপির ২ নাম্বার ওয়ার্ডের প্রচার সম্পাদক আকরাম হোসেন ও পৌর শ্রমিক দলের যুগ্ম আহবায়ক মোমিনুর রহমান হীরা।

ওই দুই নেতার বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ,দলের নীতি, আদর্শ ও সংহতি পরিপন্থী অনৈতিক কার্যকলাপ সহ একাধিক অভিযোগে রয়েছে। এরপেক্ষিতে মঙ্গলবার রাতে তাদের নিয়ে কোটচাঁদপুর প্রিজন ক্লাবে জরুরি সভা অনুষ্ঠিত হয়। ওই সভার সিদ্ধান্ত অনুযায়ী তাদেরকে দলের প্রাথমিক সদস্য পদসহ সকল পর্যায়ের পদ থেকে অব্যাহতি দিয়েছেন দলটি। বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর পৌর বিএনপির দপ্তর সম্পাদক সোলাইমান হোসেন (দুলু)। তিনি বলেন,তাদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের অভিযোগ রয়েছে। এরপেক্ষিতে মঙ্গলবার রাতে জরুরি সভা অনুষ্ঠিত হয় প্রিজন ক্লাবে। ওই সভার সিদ্ধান্ত অনুযায়ী মোমিনুর রহমান হীরা ও আকরাম হোসেন-কে দলের প্রাথমিক সদস্য পদসহ সকল পর্যায়ের পদ থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

ওই সভায় কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল,সাধারণ সম্পাদক আবুল কাশেম সহ দলের একাধিক নেতা উপস্থিত ছিলেন বলে জানিয়েছেন ওই নেতা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল বলেন,ওই দুই নেতার বিরুদ্ধে আমাদের কাছে একাধিক অভিযোগ ছিল। এরপেক্ষিতে তাদেরকে দল অব্যহতি দেয়া হয়েছে। তবে সেটা জেলা বিএনপির নেতৃবৃন্দের নির্দেশক্রমে করা হয়েছে বলে নিশ্চিত করেছেন তিনি।